



সংশোধিত বাজেট
২০১৫-১৬

সম্পূরক মঞ্জুরী ও বরাদ্দ দাবী
(অনুন্নয়ন ও উন্নয়ন)

মন্ত্রিপরিষদ বিভাগ

অর্থ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগের ওয়েবসাইট : www.mof.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং- ০৭.১০১.০২০.০০.০০.০০৪.২০১৬-২২০

তারিখঃ ১৯ এপ্রিল, ২০১৬


প্রেরকঃ মোঃ হাবিবুর রহমান
যুগ্ম সচিব (বাজেট-১)।

প্রাপকঃ হিসাব মহা-নিয়ন্ত্রক
বাংলাদেশ, ঢাকা।

মহোদয়,

আমি আদিষ্ট হয়ে এতদসঙ্গে ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বরাদ্দের বিস্তারিত বিভাজন প্রেরণ করছি। প্রত্যেক খাতের পাশ্বে ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বরাদ্দ হিসেবে উল্লিখিত অর্থের অতিরিক্ত কোন ব্যয় বিল গ্রহণ না করার জন্য অনুরোধ করছি। তবে এ কর্তৃত্ব জারির পর যে সকল খাতে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হবে সে সকল অতিরিক্ত বরাদ্দ এ সংশোধিত কর্তৃত্বের অংশ হিসেবে গণ্য হবে। উল্লেখ্য, যে সব খাতে ২০১৫-১৬ অর্থবছরের মূল মঞ্জুরীর অতিরিক্ত অর্থ সংশোধিত বাজেটে বরাদ্দ করা হয়েছে এবং পরবর্তীতে করা হবে সে সব খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে সম্পূরক/অতিরিক্ত আর্থিক বিবৃতির মাধ্যমে যথাসময়ে নিয়মিত করা হবে।


২। উন্নয়ন খাতভুক্ত প্রকল্পসমূহের অর্থ ছাড়ের বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী অবশিষ্ট অর্থ ছাড়/স্থানান্তর করা যাবে।

আপনার একান্ত,

(মোঃ হাবিবুর রহমান)
যুগ্ম সচিব (বাজেট-১)
ফোন: ৯৫৭৬০৪৩

নং- ০৭.১০১.০২০.০০.০০.০০৪.২০১৬-২২০

তারিখঃ ১৯ এপ্রিল, ২০১৬

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বরাদ্দের অনুলিপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অর্থ বিভাগের সংশ্লিষ্ট সকল উপ সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব-এর নিকট প্রেরণ করা হল। সংশোধিত বরাদ্দের বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণের জন্য অর্থ বিভাগের সংশ্লিষ্ট উপ সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিবদের অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, এ কর্তৃত্ব জারির পর যে সকল খাতে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হবে সে সকল অতিরিক্ত বরাদ্দ এ সংশোধিত কর্তৃত্বের অংশ হিসেবে গণ্য হবে এবং পরবর্তীতে সম্পূরক/অতিরিক্ত আর্থিক বিবৃতির মাধ্যমে যথাসময়ে নিয়মিত করা হবে।


(উম্মি আমিনা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৪৬

বিতরণঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগ/মন্ত্রণালয়।
- ৪। উপ সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, বাজেট অধিশাখা/শাখা-....., বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।

